

তারিখ
পৃষ্ঠা	৬
স্বাক্ষর

ছাত্রনেতা হলেই সুবিধা নিতে হবে- এ ধারণার অবসান ঘটাতে হবে

-শিক্ষা প্রতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে নবীনবরণ এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত বুধবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী আনিস্ হুসেইন হক মিলন। বিশেষ অতিথি ছিলেন ডাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী। সম্মানিত অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর জেড এন তাহমিনা বেগম ও ট্রেজারার প্রফেসর সৈয়দ রশিদুল হাসান। ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর আবু তাহেরের সভাপতিত্বে এসোসিয়েট প্রফেসর বেগম তাহমিনা আখতার স্বাগত বক্তব্য রাখেন।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, শিক্ষার সূষ্ঠা পরিবেশ বজায় রাখতে হবে। বর্তমান সরকার সম্মানসম্মুখ শিক্ষাদান প্রতিষ্ঠায় দৃঢ়প্রতিজ্ঞ। তিনি শিক্ষকদের প্রয়োজনে কঠোর হওয়ার পরামর্শ দেন। তিনি বলেন, ছাত্রনেতা হলেই বাড়তি সুবিধা নিতে হবে- এমন কনসেপ্টের চির অবসান ঘটাতে হবে।